

💵 সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২৬১১

১৮. व्यवञा-वानिका वधाय (کتاب البيوع)

পরিচ্ছেদঃ ৩৭. মনিবের মৃত্যুর পর মুক্ত হবে, এ অঙ্গীকারপ্রাপ্ত দাসের ক্রয় বিক্রয় সম্পর্কে

باب فِي بَيْعِ الْمُدَبَّرِ

আরবী

أَخْبَرَنَا هَاشِمُ بْنُ الْقَاسِمِ حَدَّثَنَا شُعْبَةُ عَنْ عَمْرِو بْنِ دِينَارٍ قَالَ سَمِعْتُ جَابِرَ بْنَ عَبْدِ اللَّهِ اللَّهِ اللَّهِ عَلْدُ اللَّهِ عَلْدُ اللَّهِ عَلَيْهِ الْأَنْصَارِيَّ قَالَ أَعْتَقَ رَجُلُ مِنَّا عَبْدًا لَهُ عَنْ دُبُرٍ قَالَ فَدَعَا بِهِ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَبَاعَهُ قَالَ جَابِرٌ وَإِنَّمَا مَاتَ عَامَ أُوَّلَ

বাংলা

২৬১১. জাবির ইবনু 'আবদুল্লাহ রাদ্বিয়াল্লাহু আনহু হতে বর্ণিত যে, এক ব্যক্তি তার মৃত্যুর পরে তার গোলাম আযাদ হবে বলে ঘোষণা দিল। তিনি বলেন, তখন রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তাকে ডাকালেন এবং গোলামটিকে কিনে নিলেন। জাবির বলেন, তিনি প্রথম বছরেই মৃত্যু বরণ করলেন।[1] আব্দুল্লাহ কে জিজ্ঞেস করা হলো: আপনার মতও কি তাই? তিনি বললেন, লোকেরা একথা বলে থাকেন।

ফুটনোট

[1] তাহকীক: এর সনদ সহীহ। হাদীসটি বুখারী ও মুসলিম কর্তৃক সম্মিলিত ভাবে বর্ণিত।

তাখরীজ: বুখারী, বুয়ু ২১৪১; মুসলিম, ঈমান ৯৯৭ (৫৯)।

আমরা এর পূর্ণ তাখরীজ দিয়েছি মুসনাদুল মাউসিলী নং ১৮২৫, ১৯৩২, ১৯৭৭,২১৬৬, ২১৬৭, ২২৩৬ ও সহীহ ইবনু হিব্বান নং ৩৩৪২, ৪৯২৯, ৪৯৩০, ৪৯৩১, ৪৯৩২, ৪৯৩৩, ৪৯৩৪ ও মুসনাদুল হুমাইদী নং ১২৫৬ তে।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ জাবির ইবনু আবদুল্লাহ আনসারী (রাঃ)



👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন